# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)
# মাধবদী শাখা, থানা ও জিলাঃ নরসিংদী ।

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধককৃত সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি ।**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব মোঃ শহিদুল্লাহ বাহার, পিতা-মৃত হাজী মহিউদ্দিন মিয়া, মাতাঃ মোসাঃ ফাতেমা বেগম, বর্তমান ঠিকানা- জাকিয়া জাহান ভিলা, ৫৬/২, বিলাসদী, ডিসি রোড়, নরসিংদী সদর, থানা ও জেলাঃ নরসিংদী, তাহার মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান (১) মেসার্স বাবুল টেক্সটাইল এবং (২) মেসার্স বাহার এন্টারপ্রাইজ এর নামে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক, মাধবদী শাখা, নরসিংদী হইতে ঋণ গ্রহন করিয়াছেন। মেসার্স বাবুল টেক্সটাইল এর ঋণের জামানত হিসাবে ঋণগ্রহীতা জনাব মোঃ শহিদুল্লাহ বাহার তাহার মালিকানাধীন নিম্ম তফসিলভুক্ত ১-৩ নং ক্রমিকের সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করিয়াছেন। মেসার্স বাহার এন্টারপ্রাইজ এর ঋণের জামানত হিসাবে জনাব মোঃ জহির হোসেন সরকার, পিতা- আলহাজ্ব মোঃ বদরউদ্দিন সরকার, ঠিকানা- ৩০/১, পূর্ব দত্তপাড়া, পোঃ, থানা ও জেলা- নরসিংদী, তাহার মালিকানাধীন নিম্ম তফসিলভুক্ত ৪ নং ক্রমিকের সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করিয়াছেন। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৩/১১/২০১৫ ইং তারিখ পর্যন্ত মেসার্স বাবুল টেক্সটাইল এর খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ১,৪৩,৮৩,৪২০.৬১ (এক কোটি তেতাল্লিশ লক্ষ তিরাশি হাজার চারশত বিশ টাকা একষট্টি পয়সা) টাকা এবং মেসার্স বাহার এন্টারপ্রাইজ এর খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ১,৩৩,৭৬,৬৪৭.৪২ (এক কোটি তেত্রিশ লক্ষ ছিয়াত্তর হাজার ছয়শত সাতচল্লিশ টাকা বিয়াল্লিশ পয়সা) টাকা, সর্বমোট ২,৭৭,৬০,০৬৮.০৩ (দুই কোটি সাতাত্তর লক্ষ ষাট হাজার আটষট্টি টাকা তিন পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ম তফসিলভুক্ত সম্পত্তি সমুহ যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**<u>বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল</u>**

০১। জেলা-নরসিংদী, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস- নরসিংদী সদর, মৌজা: চৌদ্দপাইকা, জে.এল. নং- সিএস-৩৪৬, এসএ-৮৬, আরএস-৭৫, খতিয়ান নং-সিএস-৯৫২, এসএ-৯৬৯, আরএস-৯৬৩, আরএস খারিজা-৯৬৩/বি, জোত নং-২০৯৪, দাগ নং-সিএস ও এসএ-১৯০০,১৯০১,১৯০২, আরএস-৬৩৭৩,৬৩৭২,৬৩৭১, মোট জমির পরিমান (১২.০০ + ১৩.০০ + ২০.০০) = ৪৫.০০ শতাংশ এবং তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি।

০২। জেলা-নরসিংদী, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস- নরসিংদী সদর, মৌজা: বাসাই, জে.এল. নং- সিএস ও এসএ-২৯৫, আরএস-৪৯, খতিয়ান নং-সিএস-১৭৯, এসএ-১৯৮, আরএস-১৩৬, আরএস খারিজা-১৮১৭, দাগ নং-সিএস ও এসএ-১০৭, আরএস-১০৩, মোট জমির পরিমান ৪.০০ শতাংশ এবং তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি।

০৩। জেলা-নরসিংদী, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস- নরসিংদী সদর, মৌজা: গণেরগাঁও, জে.এল. নং- আরএস-৮৮, খতিয়ান নং-সিএস-৯৪, এসএ-১৫,৯৪, আরএস-১৭৮, ১৮৯, আরএস খারিজা-১৮৯, জোত নং-৩৪৪, দাগ নং-সিএস ও এসএ-৩৪৯,৪১৭, আরএস-৫২৩,৬৭১, মোট জমির পরিমান (২৮.০০ + ৩৫.০০) =৬৩.০০ শতাংশ ।

০৪। জেলা-নরসিংদী, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস- নরসিংদী সদর, মৌজা: সাটিরপাড়া, জে.এল. নং- সিএস-২৯৩, এসএ-৫৮, আরএস-৪৮, খতিয়ান নং-সিএস-৮৮৪, এসএ-১০১৬, আরএস-২১০৩, আরএস খারিজা-২১০৩/বি, জোত নং-৭৮৫৩, দাগ নং-সিএস ও এসএ-৭৪১, আরএস-৪২৪৬, মোট জমির পরিমান ৪.০০ শতাংশ।

**<u>নিলামের শর্তাবলী</u>**

(১) আগামী ১১/০২/২০১৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মাধবদী শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে ।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মাধবদী শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

(৪) দরদাতাগন তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

(৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে ।

(৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মাধবদী শাখা, থানা ও জেলা নরসিংদী।**